১২

দৈনিক সংবাদ

তারিখ 30 MAR 1989 ... 4
পৃষ্ঠা ... কলাম ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

### ছুরিকাঘাতে ছাত্রলীগ কর্মী নিহত

# ময়মনসিংহ মেডিক্যাল কলেজ বন্ধ ঘোষণা

ময়মনসিংহ, ৫ই অক্টোবর (নিজস্ব সংবাদদাতার ফোন)।—গতকাল জাতীয়তাবাদী ছাত্রদল ও ছাত্রলীগ (সু-র)-এর মধ্যে সংঘর্ষের জের হিসেবে আজ ময়মনসিংহ মেডিক্যাল কলেজ শাখা ছাত্রলীগ (সু-র) এর সহ-সাধারণ সম্পাদক নিহত হয়েছেন। কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। সকল পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয়েছে। ছাত্রছাত্রীরা বেকেল ৩টার মধ্যে হোস্টেল ত্যাগ করেছে। ঘটনার প্রতিবাদে ছাত্রলীগ আজ ময়মনসিংহ শহরে পূর্ণ দিবস হরতাল আহ্বান করেছে।

ছাত্রলীগ (সু-র) ও জাতীয়তাবাদী ছাত্রদলের মধ্যে গতকালের সংঘর্ষের জের হিসেবে আজকের ঘটনা ঘটে। আজ সকাল ৯টায় ছাত্রলীগ (সু-র) নেতা ও ৩য় বর্ষের ছাত্র রাইসুল হাসান নোমান (২২) পরীক্ষাশেষে ক্লাসরুম থেকে বাইরে বেরিয়ে এলেই তার ওপর হামলা চালানো হয়। তার দেহে উপর্যুপরি ৫ বার ছুরিকাঘাত করা হয়। সাথে সাথেই তাকে মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। সন্ধ্যায় সে মারা যায়।